

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৭২৮

১৭/ ওয়ারিসী স্বত্ব বর্ণ্টন (کتاب الفرائض) পরিচ্ছেদঃ ১৭/৫. কালালা (পিতৃ-মাতৃহীন নিঃসন্তান ব্যক্তি)

بَابِ الْكَلَالَةِ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ، سَمِعَ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ، يَقُولُ مَرِضْتُ فَأَتَانِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَعُودُنِي هُوَ وَأَبُو بَكْرٍ مَعَهُ وَهُمَا مَاشِيَانِ وَقَدْ أُغْمِيَ عَلَىَّ فَتَوَضَّاً رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَصنَبَّ عَلَىَّ مِنْ مَاشِيَانِ وَقَدْ أُغْمِي عَلَىَّ فَتَوَضَّاً رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَصنَبَّ عَلَىَّ مِنْ وَضُوبِهِ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ كَيْفَ أَصْنِي فِي مَالِي حَتَّى نَزَلَتْ آيَةُ الْمِيرَاتِ فَصنُوبِهِ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ كَيْفَ أَصْنَعُ كَيْفَ أَقْضِي فِي مَالِي حَتَّى نَزَلَتْ آيَةُ الْمِيرَاتِ فِي الْخَيْرِ النِّسَاءِ (وَإِنْ كَانَ رَجُلُ يُورَتُ كَلاَلَةً) الآيَة وَ (يَسْتَفْتُونَكَ قُلِ اللَّهُ يُفْتِيكُمْ فِي الْكَلاَلَةِ) الآيَة .

বাংলা

৩/২৭২৮। জাবির ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি অসুস্থ হয়ে পড়লে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আবৃ বকর (রাঃ) -কে সাথে নিয়ে পদব্রজে আমাকে দেখতে এলেন। আমি বেহুঁশ হয়ে পড়লাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উযু করলেন, অতঃপর তাঁর উযুর পানি আমার গায়ে ছিটিয়ে দিলেন। (হুঁশ ফিরে এলে) আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! আমি আমার সম্পদের ব্যাপারে কী করবো, আমি এ ব্যাপারে কী সিদ্ধান্ত নিবো? শেষভাগে মীরাছের আয়াত নাঘিল হলো (অনুবাদ) "লোকে তোমার নিকট ব্যবস্থা জানতে চায়। বলো, পিতৃ-মাতৃহীন নিঃসন্তান অবস্থায় মারা গেলে এবং তার এক বোন থাকলে তার জন্য পরিত্যক্ত সম্পত্তির অর্ধাংশ এবং সে (বোন) নিঃসন্তান হলে তার ভাই তার ওয়ারিস হবে। আর দু' বোন থাকলে তার পরিত্যক্ত সম্পত্তির দুই-তৃতীয়াংশ তাদের প্রাপ্য। আর ভাই-বোন থাকলে এক পুরুষের অংশ দু' নারীর অংশের সমান। তোমরা যাতে পথভ্রষ্ট না হও সেজন্য আল্লাহ তোমাদের পরিষ্কারভাবে জানিয়ে দিচ্ছেন। আল্লাহ সর্ববিষয়ে সবিশেষ অবহিত" (সূরা নিসাঃ ১৭৬)।

English

It was narrated from Muhammad bin Munkadir that he heard Jabir bin



'Abdullah say:

"I fell sick and the Messenger of Allah (ﷺ) came to visit me, he and Abu Bakr with him, and they came walking. I had lost consciousness, so the Messenger of Allah (ﷺ) performed ablution and poured some of the water of his ablution over me. I said: 'O Messenger of Allah, what should I do? How should I decide about my wealth?' Until the Verse of inheritance was revealed at the end of An-Nisa': "If the man or woman whose inheritance is in question has left neither ascendants or descendents." [4:12] And: "They ask you for a legal verdict. Say: 'Allah directs (thus) about those who leave neither descendants nor ascendants as heirs.'" [4:176]

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। সহীহ আবু দাউদ ২৫৬৮।

তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন